বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর সাফল্যের পরিসংখ্যান

আপডেটঃ ৩০ সেপ্টেম্বর ২০১৭

১। **সাফল্য**। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর অপারেশনাল কর্মকান্ড বর্তমান বছরে অনেক বেশী বেগবান হয়েছে এবং সাফল্যের হারও বৃদ্ধি পেয়েছে আশাপ্রদভাবে। ২০১৬ সালে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী প্রায় ১২৪৪ কোটি টাকার অধিক অবৈধ দ্রব্য সামগ্রী আটক করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ইতোমধ্যেই ৩০ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত প্রায় **১৮৬৯ কোটি টাকার** মালামাল আটক করেছে। নিম্নে তুলনামূলক চিত্রে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর সাফল্যের বাৎসরিক প্রতিবেদন উপস্থাপিত হলোঃ



২। **চোরাচালান প্রতিরোধ**। শুধুমাত্র চোরাচালান প্রতিরোধ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ২০১৬ সালে প্রায় **৩৮ কোটি ২৯ লক্ষ** টাকার বিভিন্ন প্রকার চোরাচালান পণ্য আটক করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ইতোমধ্যেই ৩০ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত **২৪ কোটি ৫০ লক্ষ টাকা** মূল্যের চোরাচালানকৃত পণ্য আটক করেছে। চোরাচালান প্রতিরোধ অভিযানে সাম্প্রতিক কয়েক বছরের একটি তুলনামূলক চিত্র নিম্নে উপস্থাপিত হলোঃ



৩। **মৎস্য সম্পদ রক্ষা**। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ২০১৬ পর্যন্ত প্রায় **৯০৩ কোটি ১২ লক্ষ টাকার** ৬,৬৭,২১২ কেজি জাটকা/মা ইলিশ, ১৯,৮৮,৭৪,৮৬৫ মিটার কারেন্ট জাল, ২,৩১,৯২,২৩৫ মিটার অন্যান্য জাল, ৩,৫৮৩ টি (মশারী/বেহুন্দী) এবং ৫, ৩৭,৩৩,১২০ পিস চিংড়ি পোনা আটক করা হয়েছে যা পূর্বের বছরের তুলনায় প্রায় দেড়গুণ। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ইতোমধ্যেই ৩০ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত প্রায় **১৭০৬ কোটি ২৪ লক্ষ টাকার** ১,২৯,৯৩৫ কেজি জাটকা/মা ইলিশ, ৮১,৪১,০২,৯৯০ মিটার কারেন্ট জাল, ৩,০৮,১২,৯৩২ মিটার অন্যান্য জাল, ৩,৭৪৩ টি (মশারী/বেহুন্দী) এবং ৭,৪৫,৬১,৭১৭ পিস চিংড়ি পোনা আটক করেছে। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে সাম্প্রতিক বছর গুলোতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর কার্যক্রমের একটি তুলনামূলক চিত্র নিম্নে উপস্থাপিত হলোঃ



৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ**। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী নিয়মিতভাবে বিশেষ অভিযান পরিচালনা করে ২০১৬ পর্যন্ত প্রায় **২৯৬ কোটি ৪৬ লক্ষ টাকা** মূল্যের মাদকদ্রব্য অ াটক করেছে যার মধ্যে ৫৮,৬৬,৮৭৮ পিস ইয়াবা, ১১,৫২২ বোতল/ক্যান বিভিন্ন প্রকার মাদক ও ৬.৬৮০ কেজি গাঁজা আটক করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ইতোমধ্যেই ৩০ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত প্রা **১৫২ কোটি ১৩ লক্ষ টাকা** মূল্যের মাদকদ্রব্য আটক করেছে যার মধ্যে ৩০,৩১,৮৮৫ পিস ইয়াবা, ৩,৭৬০ বোতল/ক্যান বিভিন্ন প্রকার মাদক ও ৪.২৫ কেজি গাঁজা আটক করেছে। সাম্প্রতিক বছর গুলোতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর মাদক বিরোধী অভিযানের একটি তুলনামূলক চিত্র নিম্নে উপস্থাপিত হলোঃ



৫। **বনজ সম্পদ রক্ষা**। সুন্দরবনসহ দেশের অন্যান্য অঞ্চলের মূল্যবান বনজ সম্পদ রক্ষায় পরিচালিত অভিযানে কোস্ট গার্ড বাহিনী অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। ২০১৬ পর্যন্ত প্রায় **০৫ কোটি ৩০ লক্ষ** টাকার প্রায় ১৭,৩২২.৩৬ ঘনফুট বিভিন্ন প্রকার বনজ সম্পদ আটক করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ৩০ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত প্রায় ২ **কোটি ১৯ লক্ষ** টাকার প্রায় ১০৫৪৭.৮৪ ঘনফুট বিভিন্ন প্রকার বনজ সম্পদ আটক ও ০৯ টি তক্ষক উদ্ধার করেছে। সাম্প্রতিক বছর গুলোতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর বনজ সম্পদ রক্ষা অভিযানের অর্জিত সাফল্যের একটি তুলনামূলক চিত্র নিম্নে উপস্থাপিত হলোঃ



৬। **বনদস্যু/ডাকাত/চোরাকারবারী আটক, অবৈধ অনুপ্রবেশ রোধ, অবৈধ অস্ত্র ও তাজা গোলা উদ্ধার**। সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে কোস্ট গার্ড বাহিনীর অপারেশানে বনদস্যু/ডাকাত/চোরাকারবারী আটক, অবৈধ অনুপ্রবেশ রোধ, অবৈধভাবে সমুদ্র পথে বিদেশ গমনকালে আটক, অবৈধ অস্ত্র ও তাজা গুলি উদ্ধার এবং বিপন্ন জেলেদেরকে উদ্ধারের পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হলোঃ

ক্রমিক	আটককৃত মালামাল	২০১৪	২০১৫	২০১৬	২০১৭	সর্বমোট (১৯৯৬-২০১৭)
ক।	বনদস্যু/ডাকাত/চোরাকারবারী	৩৬৬ জন	২৩৬ জন	৩০৩ জন	১৩৫ জন	৩,৮৩৫ জন
খ।	অবৈধ অস্ত্র	৪৯ টি	৪৬ টি	৮২ টি	৪৪ টি	৫৬৬ টি
গ।	তাজা গোলা	৭২৭ রাউন্ড	১,১৩৯ রাউন্ড	৬৮৬ রাউন্ড	১৪৬ রাউন্ড	৬,০৩৫ রাউন্ড
ঘ।	বিপন্ন জেলে উদ্ধার	৯৪ জন	১২২ জন	৭০ জন	৯৪ জন	১,৪৩১ জন
ঙ।	অপহৃত/ভাসমান নৌকা উদ্ধার	১৪৩ টি	০৩ টি	০৭ টি	১১ টি	২৩০ টি
চ।	অবৈধভাবে সমুদ্র পথে বিদেশ গমনকালে আটক	৯৯৯ জন	২৩০ জন	-	-	১,৭৩৬ জন
ছ।	চোরাচালান প্রতিরোধ	১১৪ কোটি ০৩ লক্ষ	৬৪ কোটি ৪২ লক্ষ	৩৮ কোটি ২৯ লক্ষ	২৪কোটি ৫০ লক্ষ টাকা	৫৭৪ কোটি ৭৬ লক্ষ
জ।	মৎস্য সম্পদ রক্ষা	৮০৭ কোটি ৬২ লক্ষ	১২২২ কোটি ৮৮ লক্ষ	৯০৩ কোটি ১২ লক্ষ	১৭০৬ কোটি ২৪ লক্ষ টাকা	৬৬৭৭ কোটি ০৩ লক্ষ
ঝ।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ	৩৬ কোটি ০৭ লক্ষ	৬৮ কোটি	২৯৬ কোটি ৪৬ লক্ষ	১৫২ কোটি ১৩ লক্ষ টাকা	৫৯৩ কোটি ৯৩ লক্ষ
ঞ।	বনজ সম্পদ রক্ষা	১৯ কোটি ৬৯ লক্ষ	৮ কোটি ৮৫ লক্ষ	০৫ কোটি ৩০ লক্ষ	০২ কোটি ১৯ লক্ষ	৮২ কোটি ৮২ লক্ষ
ট।	উদ্ধার অভিযান	৩০ টি	৩৫ টি	১৩ টি	২০ টি	৯৮ টি
ঠ।	অবৈধ অনুপ্রবেশ রোধ (মায়ানমার নাগরিক)	-	১৩,৪৭৯ জন মায়ানমার নাগরিক ২৪৬ টি মায়ানমার বোটসহ পুশব্যাক করা হয়েছে। এছাড়া ২৭ জন মায়ানমার নাগরিক ও ০২ টি বোট পুলিশের নিকট হস্তান্তর করা হয়েছে।			